তারিখ ... JUL 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

কালের কণ্ঠ

ঢাবি ভিসি প্যানেল চূড়ান্ত

# শিক্ষার্থীদের সঙ্গে শিক্ষকদের হাতাহাতি

**ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

বিএনপিপন্থী শিক্ষকদের সংগঠন সাদা দলের সিনেট অধিবেশন বর্জন, সরকার সমর্থকদের একাংশের আপত্তি ও শিক্ষার্থীদের বিক্ষোভের মধ্যে গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্যানেল চূড়ান্ত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত সভায় বিকল্প প্রস্তাব না থাকায় ভোট ছাড়াই তিন সদস্যের উপাচার্য প্যানেল চূড়ান্ত করা হয়।

এদিকে শিক্ষার্থী প্রতিনিধিদের বাদ দিয়ে উপাচার্য প্যানেল মনোনয়নের বিরোধিতা ও ডাকসু নির্বাচনের দাবিতে সিনেট ভবনের সামনে বিক্ষোভ করেছেন বিশ্ববিদ্যালয়টির প্রগতিশীল ছাত্রজোটের সদস্যসহ সাধারণ শিক্ষার্থীরা। এই বিক্ষোভে শিক্ষকরা বাধা দিলে দুই পক্ষে হাতাহাতির ঘটনা ঘটে। শিক্ষকরা বেশ কয়েক জন শিক্ষার্থীকে মারধর করেন। এ সময় একজন শিক্ষক ও সাত-আটজন শিক্ষার্থী আহত হন।

গতকাল বিকেলে শুরু হওয়া সিনেট সভায় বিকল্প প্রস্তাব না থাকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৮তম উপাচার্য নির্বাচনের জন্য তিন সদস্যের উপাচার্য প্যানেল চূড়ান্ত করা হয়। মনোনীতরা হলেন—গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ও বর্তমান উপাচার্য ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগের অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং থিওরিটিক্যাল অ্যান্ড কম্পিউটেশনাল কেমিস্ট্রি বিভাগের অধ্যাপক ড. মো. আবদুল আজিজ।

গতকাল বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক বিশেষ সিনেট অধিবেশনে সিনেট প্রতিনিধিদের সর্বসম্মতিক্রমে এই প্যানেল মনোনয়ন করা হয়। অধিবেশন শেষে সভায় উপস্থিত সিনেট সদস্য শফিউল আলম ভুইয়া কালের কণ্ঠকে এই তথ্য নিশ্চিত করেন। অধিবেশনে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের